সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে ঝিনাইদহ প্রেসক্লাবের শোক

দৈনিক দেশ রূপান্তর পত্রিকার সম্পাদক সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি-সম্পাদকসহ কর্মরত সাংবাদিকবৃন্দ।

শুক্রবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে তার লাশের কফিনের উপরে শ্রদ্ধাঞ্জলি অর্পণ শেষে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এসময় সাংবাদিকদের সাথে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোঃ সোহেল রানা, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ অন্যান্য সাংবাদিকগণ। সকলেই এই শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন।

গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

বৃহস্পতিবার রাতে দৈনিক দেশ রূপান্তর পত্রিকার বার্তাকক্ষে কর্মরত অবস্থায় স্ট্রোক করেন তিনি। পরে গুরুতর অসুস্থ অবস্থায় রাজধানীর বিআরবি হাসপাতালে ভর্তি করা হয় অমিত হাবিবকে।

১৯৮৭ সালে খবর গ্রুপ অব পাবলিকেশন্সে একই সঙ্গে রিপোর্টার ও সাব-এডিটর হিসেবে কর্মজীবন শুরু করেন অমিত হাবিব। পরে সাপ্তাহিক পূর্বাভাস পত্রিকায় সাব-এডিটর পদে যোগ দেন তিনি।

১৯৯১ সালে দৈনিক আজকের কাগজ পত্রিকায় সিনিয়র সাব-এডিটর হয়ে যোগ দেন। এর পরের বছর একই পদে যোগ দেন দৈনিক ভোরের কাগজে। অল্প দিনের মধ্যে পদোন্নতি পেয়ে যুগ্ম বার্তা সম্পাদক ও পরে বার্তা সম্পাদক হন তিনি।

২০০৩ সালে দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রধান বার্তা সম্পাদক হিসেবে যোগ দেন এই সাংবাদিক। তবে পত্রিকাটি বাজারে আসে ২০০৬ সালে।

২০০৭ সালে চীনের আন্তর্জাতিক বেতারে বিদেশি বিশেষজ্ঞ হিসেবে যোগ দিয়ে বেইজিংয়ে কর্মরত থাকা অমিত হাবিব দেশীয় সাংবাদিকতার সঙ্গে দূরত্বের কথা বিবেচনায় তা ছেড়ে দেশে ফিরে আসেন।

২০০৯ সালে দৈনিক সমকালের প্রধান বার্তা সম্পাদকের পদ ছেড়ে দৈনিক কালের কণ্ঠে নির্বাহী সম্পাদক হিসেবে যোগ দেন। পরে ২০১৩ সাল থেকে উপদেষ্টা সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি। দৈনিক দেশ রূপান্তরের সূচনালগ্ন থেকে তিনি সম্পাদকের দায়িত্ব পালন করে আসছিলেন।

অমিত হাবিব ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কাজীরবেড় গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। শুক্রবার বাদ মাগরিব তাঁর নিজ গ্রামে শেষ জানাজা এবং দাফন সম্পন্ন হয়।